

অশোক ভট্টাচার্য
মেয়র

শিলিগুড়ি পৌর কর্পোরেশন
শিলিগুড়ি - ০১



রুদ্রেশ্বর ভবন
সুভাষপল্লী, শিলিগুড়ি
জেলা : দার্জিলিং, পিন : ৭৩৪০০১
ফোন : ৯১ ৯৪৩৪০ ২১২৩১
৯১ ৯৮৩৬১ ১৮২৩১
ফ্যাক্স : ৯১ ৩৫৩ ২৪৩২৮০৪
ইমেল : mayorsiliguri@gmail.com
asok.bhattacharya11@gmail.com

পত্র নং :

তারিখ : 20-05-18

শিলিগুড়ির আপামর জনসাধারণের কাছে মেয়রের আবেদন -

গত কয়েকদিন ধরে কেরালা রাজ্যের মানুষ শতাব্দীর ভয়ংকর প্রাকৃতিক বিপর্যয়ের সম্মুখীন। গোটা কেরালা রাজ্য আজ বন্যা বিধ্বস্ত। প্রধানমন্ত্রী সহ বিভিন্ন রাজ্যের মানুষ ও মুখ্যমন্ত্রীরাও এগিয়ে আসছেন যথা সম্ভব সহযোগিতা নিয়ে। শিলিগুড়ির মানুষ অতীতে বিভিন্ন রাজ্যে প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়িয়ে ছিলেন। দাঁড়িয়ে ছিলেন নেপালের ভূমিকম্প বিধ্বস্ত মানুষের পাশেও। শিলিগুড়ির ব্যবসায়ী সমাজ ও সামাজিক সংস্থা, ক্লাব, অ-সরকারি সংস্থা, ব্যক্তি সাধারণ মানুষ সহ, সকলের কাছে আবেদন, আপনারা যথাসাধ্য আর্থিক সহযোগিতা করুন বন্যা বিধ্বস্ত কেরালার মানুষকে। কেরালার মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে সরাসরি এই আর্থিক সাহায্য ডিমান্ড ড্রাফটের মাধ্যমে পাঠাতে পারেন। এভাবে দীর্ঘকালের শিলিগুড়ির পরম্পরা ও ঐতিহ্যকে অব্যাহত রাখারও আবেদন জানাই।


(অশোক ভট্টাচার্য)

মেয়র, শিলিগুড়ি

তারিখ : ২০.০৫.১৮